তারিখ ... 10 SEP 2016 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ২ ...

সংবাদ

# ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর গ্রন্থাগার উদ্বোধন

প্রতিনিধি, জয়পুরহাট

'এখন বই পড়ার অভ্যাস বন্ধ হয়ে গেছে। তাই শিশুদের বই পড়ার অভ্যাস গড়ে তোলার জন্য জেলার প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে গ্রন্থাগার চালু করা প্রয়োজন। বই পড়া ছাড়া এর কোন বিকল্প নাই।' কথাগুলো বলেন, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার বদরুজ্জেহা। তিনি গত মঙ্গলবার জেলার প্রাচীনতম শিক্ষা প্রতিষ্ঠান খনজনপুর শহর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে "ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর" গ্রন্থাগার উদ্বোধনকালে এই কথাগুলো বলেন। বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতি সমীর দে'র সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন জাতীয় রবীন্দ্রসঙ্গিত সম্মিলন পরিষদ এর কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি আমিনুল হক বাবুল, খনজনপুর উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল আজিজ প্রমুখ। খনজনপুর শহর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুরাইয়া হামিন খান সংবাদকে জানান, শিশুদের বই পড়ার অভ্যাস গড়ে তোলার লক্ষ্যে এই গ্রন্থাগার চালু করা হয়েছে।